12

আজকের কাগজ

তারিখ ... ১৬.১১.৯৯
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩

# চট্টগ্রাম মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (শা-অ)-এর কর্মীদের মধ্যে বিক্ষিপ্ত সংঘর্ষের প্রেক্ষিতে কর্তৃপক্ষ গত শনিবার রাত ৩টায় চট্টগ্রাম মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করেছেন। গতকাল রোববার সকাল ৮টার মধ্যে ছাত্রছাত্রীদের হল ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দেয়া হলেও এ রিপোর্ট লেখা পর্যন্ত অনেকেই হল ছেড়ে যেতে পারেনি। এদিকে কলেজ ক্যাম্পাসে যে কোনো রকমের রাজনৈতিক সভা-সমাবেশ, মিছিল-শ্লোগান নিষিদ্ধ করা হয়েছে। খবর চট্টগ্রাম থেকে নিজস্ব সংবাদদাতার ফোন।

সংবাদদাতা জানান, শনিবার রাত পর্যন্ত ছাত্রলীগ (শা-অ) ও ছাত্রদল কর্মীদের মধ্যে কয়েকদফা সংঘর্ষে ২৫ জন আহত হয়েছে। এছাড়া ছাত্রাবাসের ২০টি কক্ষ ভাঙচুর ও মেডিকেলের 'করোনারী ইউনিট' ক্ষতিগ্রস্ত হয়েছে। কলেজ কর্তৃপক্ষ জানান, আরো সংঘর্ষ এড়ানো ও কলেজের ক্ষয়ক্ষতি যেন আর না হয় সে জন্যেই কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।

মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ অধ্যাপক নুরুন্নবী জানান, একাডেমিক কাউন্সিল, ডিসিপ্লিনারী কমিটি, ছাত্র সংসদ ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে ৪ দফা বৈঠকের পর রাত ৩টায় কলেজ বন্ধ ঘোষণা করা হয়।

এদিকে গত বৃহস্পতিবার গ্রেফতারকৃত ছাত্রদল নেতা রাশিদুন্নবীকে গতকাল জামিনে মুক্তি দেয়া হয়েছে। কলেজে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে। উত্তেজনা ও থমথমে ভাব বিরাজ করছে।

**সীতাকুণ্ডে সংঘর্ষঃ** এদিকে গত শনিবার সন্ধ্যা ৭টা ও গতকাল রোববার রাত ৮টার দিকে ছাত্রদল ও ছাত্রলীগ (শা-অ)-এর সমর্থকদের মধ্যে দু'দফা সংঘর্ষে ২০ জন আহত হয়েছে।